

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা সমাজসেবা কার্যালয়  
গৌরীপুর, ময়মনসিংহ।

স্মারক নং- ৪১.০১.৬১২৩.০০০.০২.০০০.২৩.১১১

তারিখ-১৪/০৮/২০২৩ইং

বিষয় : ২০২৩-২৪ অর্থ বছরে বয়স্ক, বিধবা ও সুবর্ণ নাগরিক এ অর্ন্তভুক্ত প্রতিবন্ধী ব্যক্তিদের নগদ হিসাব খোলা, অনলাইনে আবেদন গ্রহণ ও উপকারভোগী নির্বাচনকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৩-২৪ অর্থ বছরে বয়স্ক, বিধবা ও সুবর্ণ নাগরিক এ অর্ন্তভুক্ত প্রতিবন্ধী ব্যক্তিদের ভাতার আওতায় অর্ন্তভুক্ত করা হবে। বয়স্ক, বিধবা ও সুবর্ণ নাগরিক পরিচয়পত্রধারী যারা এখনও ভাতা কর্মসূচীর অর্ন্তভুক্ত হয়নি, তাদেরকে সংশ্লিষ্ট এলাকায় mobile financial service 'নগদ' এর মাধ্যমে সঠিক মোবাইল নম্বর হিসাব খোলা ও অনলাইনে আবেদন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, ১০ই আগস্ট ২০২৩ থেকে বয়স্ক, বিধবা ও DIS এ অর্ন্তভুক্ত নতুন প্রতিবন্ধী ব্যক্তিদের ভাতা প্রদানের জন্য নির্বাচনের লক্ষ্যে অনলাইনে আবেদন শুরু হয়েছে। অনলাইনে আবেদনের সময় নগদ হিসাব নম্বরটি আবশ্যিকভাবে উল্লেখ করতে হবে। আবেদনটি সম্পূর্ণ হবার পর বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী আবেদনকারীকে আবেদনের কপি, ভোটার আইডি'র ফটোকপি / জন্মসনদের ফটোকপি ও সুবর্ণ নাগরিক কার্ডের ফটোকপি অবশ্যই উপজেলা সমাজসেবা কার্যালয়, গৌরীপুর, ময়মনসিংহে জমা দিতে হবে।

আবেদন শুরু : ১০ই আগস্ট ২০২৩ইং।

আবেদন শেষ : ১০ই সেপ্টেম্বর ২০২৩ইং।

আবেদনের লিংক : [mis.bhata.gov.bd/online application](https://mis.bhata.gov.bd/online-application)

মেয়র/চেয়ারম্যান,  
মইলাকান্দা/গৌরীপুর/অচিন্তপুর/মাওহা/সহনাটি/  
বোকাইনগর/রামগোপালপুর/ডৌহাখলা/ভাংনামারী/  
সিখলা/গৌরীপুর পৌরসভা, গৌরীপুর, ময়মনসিংহ।

(মাহফুজুইয়নে আইয়ুব)  
উপজেলা সমাজসেবা অফিসার  
গৌরীপুর, ময়মনসিংহ।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

- ১। মাননীয় জাতীয় সংসদ সদস্য ময়মনসিংহ-৩ (গৌরীপুর)।
- ২। পরিচালক, সামাজিক নিরাপত্তা অধিশাখা, সমাজসেবা অধিদপ্তর।
- ৩। পরিচালক, বিভাগীয় কার্যালয়, সমাজসেবা অধিদপ্তর, ময়মনসিংহ।
- ৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গৌরীপুর, ময়মনসিংহ।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, গৌরীপুর, ময়মনসিংহ।
- ৬। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ময়মনসিংহ।
- ৭। সংশ্লিষ্ট কপি।